পুলিশের কোন সদস্য অন্যায় করলে তা বরদাশত করা হবে না : নবাগত পুলিশ সুপার

চেম্বার প্রতিবেদক ::

মানুষকে অত্যাচার করলে তা বরদাশত করা হবে না বলে নিজ বাহিনীর সদস্যদের হুঁশিয়ার করেছেন সিলেট জেলার নবাগত পুলিশ সুপার মোহাম্মদ আব্দুল্লাহ আল-মামুন।

বৃহস্পতিবার (১সেপ্টেম্বর) দুপুরে জেলা পুলিশ সুপারের সম্মেলন কক্ষে সিলেটের গণমাধ্যমে কর্মীদের সাথে আয়োজিত এক মতবিনিময় অনুষ্ঠানে তিনি এ হুঁশিয়ারি উচ্চারণ করেন।

মতবিনিময় অনুষ্ঠানের শুরুতে নবাগত পুলিশ সুপার সিলেট জেলার পুলিশ সুপার হিসেবে পদায়ন হওয়ায় মহান আল্লাহর শুকরিয়া ও মা বাবার প্রতি কৃতজ্ঞতা জানান।
পুলিশ সুপার বলেন, সিলেট একটি প্রবাসী অধ্যুষিত এলাকা। এখানকার প্রবাসীদের যথাযথ গুরুত্ব দেয়া হবে, তাদের যে কোন সমস্যা সমাধানে আমরা আন্তরিকভাবে সহযোগিতা করবো।
তিনি বলেন, প্রতিটি পরিবারে ভাল-মন্দ লোক থাকে। সবাইকে নিয়ে চলতে হয়। তেমনি আমার পুলিশেও খারাপ লোক থাকতে পারে। তিনি দৃঢ়তার সাথে বলেন, পুলিশের কোন সদস্য অন্যায় করলে তা বরদাশত করা হবে না, আমাকে সরাসরি জানালে আমি অবশ্যই আইনানুগ ব্যবস্থা নিবো।
থানায় গিয়ে কোন মানুষ হয়রানি হলে আমাকে জানালে তারও ব্যবস্থা নিবো। বিশেষ করে ডিউটি অফিসার মানুষকে যথাযথ সেবা দিতে ব্যার্থ হলে তার বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা নেয়া হবে।
তিনি আরো বলেন, পুলিশ সাংবাদিক সম্মিলিতভাবে কাজ করলে জেলার বিভিন্ন সমস্যা সমাধান করা সম্ভব। আপনারা তথ্য দিয়ে সহযোগিতা করেন, আমরা সর্বোচ্চ সেবা নিশ্চিত করবো।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, সিলেট প্রেসক্লাব সভাপতি ইকবাল সিদ্দিকী, জেলা প্রেসক্লাব সভাপতি আল-আজাদ, অনলাইন প্রেসক্লাব সভাপতি মুহিত চৌধুরী, ইলেক্ট্রনিক মিডিয়া জার্নালিস্ট এসোসিয়েশন (ইমজা) সভাপতি মঈন উদ্দিন মঞ্জু, সিলেট প্রেসক্লাব সাধারণ সম্পাদক আব্দুর রশিদ রেনু, সিলেট জেলা

প্রেসক্লাব সাধারণ সম্পাদক ছামির মাহমুদ , সাবেক সাধারণ সম্পাদক শাহ দিদার আলম চৌধুরী নবেল ,ইলেক্ট্রনিক মিডিয়া জার্নালিস্ট এসোসিয়েশন (ইমজা) সাধারণ সম্পাদক মারুফ আহমদসহ সিলেটে কর্মরত বিভিন্ন অনলাইন , প্রিন্ট , ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।